

২০২১

বাংলা

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্ক্রম)

চতুর্থ সেমেষ্টার

কোর্স কোড : BNG-H-CC-T-8

(বাংলা সমালোচনা সংকলন ও প্রবন্ধ সংকলন)

পূর্ণমান : ৩০

সময় : $1\frac{1}{2}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তিক সংখ্যাগুলি প্রশ়ামন নির্দেশক।

প্রশ়ঙ্গগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 5 = 10$

ক) ‘বারো-আনা প্রেমালাপ তো তাহারাই সুচারুরাপে সম্পন্ন করিয়া দিল।’— ‘তাহারা’ বলতে কাদের বোঝানো হয়েছে? কার লেখা, কোন রচনার অংশ এটি?

খ) ‘উপন্যাসের আদিযুগে উত্তম পুরুষে লেখারাই প্রচলন ছিল ...’— কার লেখা, কোন রচনার অংশ? ‘উত্তম পুরুষে লেখা’ বলতে কি বোঝানো হয়েছে?

গ) ‘এডুকেশন গেজেটে’ স্বনামে একটি কবিতা বাহির করিয়াছিলাম।’ — কে স্বনামে কবিতা প্রকাশ করেছিলেন? পত্রিকাটি কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

(পরের পাতায়)

ঘ) ‘ইহারাই যুগে যুগে দেশে দেশে সংস্কৃতিকে সৃষ্টি ও রক্ষা করিয়া আসিয়াছে।’— ‘ইহারা’ বলতে কাদের কথা বলা হয়েছে? ‘ইংলিশ জেন্টেলম্যান’ কথন, কোথায় গড়ে উঠেছিল?

ঙ) ‘বাংলা ভাষার ভিতর দিয়ে মানুষের চিত্তগোকে যাতায়াতের বিশেষ অধিকার পেয়েছে বলেই সে বাঙালি ...’— কার কথা? কোথায় বলেছেন? রচনাটির প্রকাশকাল লেখো।

চ) ‘সাহিত্যের আত্যন্তিক যাবনিমিশাল ভাষাকে নিই-না-নিই উদ্বীপনার ও সমস্ত গানে সোৎসাহে কষ্ট মিলিয়েছি আমরাও।’— কার লেখা, কোন প্রবন্ধের অংশ? ‘যাবনিমিশাল’ কি বুঝিয়ে দাও।

ছ) ‘যাকে সুন্দর বলি তার কোঠা সংকীর্ণ, যাকে মনোহর বলি তা বহুদূর প্রসারিত।’

— কার লেখা, কোন রচনার অংশ এটি? এই রচনায় উদ্বৃত্ত হয়েছে এমন একটি সারিগানের উল্লেখ করো।

জ) সাহিত্যের সহজ অর্থ বলতে রবীন্দ্রনাথ কি বুঝিয়েছেন? ‘সাহিত্যের কাজ’ প্রসঙ্গে রবীন্দ্রনাথের মন্তব্য বলো।

২। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : $5 \times 2 = 10$

ক) সাহিত্যের সত্য আর বাস্তবের তথ্য এ দুইয়ের পারম্পরিক সংযোগ এবং সম্পর্ক ব্যাখ্যা করে ‘তথ্য ও সত্য’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বিশ্লেষণ করো।

- খ) ‘মুশাকিল হচ্ছে যে এই ‘স্মরণ বা চিন্তন চিহ্ন’ কোন বিদেশি ভাষাতেও নেই।’
— ‘স্মরণ বা চিন্তন চিহ্ন’ বিষয়ে প্রাবন্ধিকের বিশ্লেষণ তোমার পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।
- গ) কিভাবে বাঙালির আত্মপরিচয় গড়ে উঠেছিল সে বিষয়ে ‘বাঙালির আত্মপরিচয়’ অবলম্বনে লেখকের মতামত পর্যালোচনা করো।
- ঘ) সাহিত্যের সঙ্গে কল্পনার যোগ এবং সংযোগ তত্ত্বকে রবীন্দ্রনাথ ‘সাহিত্যের তাৎপর্য’ প্রবন্ধে যেভাবে ব্যাখ্যা করেছেন তা আলোচনা করো।
- ঙ) ‘ডমিন্যান্ট মাইনরিটি’ প্রসঙ্গটি তোমাদের পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 1 = 10$

- ক) ‘সাহিত্যতত্ত্ব’ প্রবন্ধের মূল বক্তব্য আলোচনা করো।
- খ) বাঙালি ভদ্রলোক বিষয়ে নীরব সি চৌধুরীর বিশ্লেষণ কতটা যথার্থ সে বিষয়ে তোমার মতামত দাও।
- গ) বাঙালির আত্মপরিচয় নির্ধারণে রবীন্দ্রনাথের আলোচনা ও ভাবনা ‘বাঙালির আত্মপরিচয়’ প্রবন্ধে লেখক কিভাবে ব্যবহার করেছেন তা বলো।
-